রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৭, ২০১৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

### প্রজ্ঞাপন

তারিখ, ৫ বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ/১৮ এপ্রিল ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৯৮-আইন/২০১৩।**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০( ২০০০ সনের ২৬ নং আইন) এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

### প্রথম অধ্যায়
### সূচনা

১। **শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল সার্বক্ষণিক কর্মচারীর জন্য প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ বা বিধিবদ্ধ সংস্থা হইতে প্রেষণে নিয়োজিত অথবা চুক্তি বা খণ্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাঁহাদের চাকুরীর শর্তে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"অসদাচরণ (misconduct)"** অর্থ চাকুরীর শৃংখলা বা নিয়মের হানিকর অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন আচরণ এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে :—

(ক) ঊর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ;



মূল্য ঃ টাকা ৭০.০০

(খ) কর্তব্যে গুরুতর অবহেলা;

(গ) কোন আইনসংগত কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ বা উর্ধ্বতন কোন কর্মকর্তার কোন আদেশ, পরিপত্র বা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন;

(ঘ) কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর, মিথ্যা ও অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ;

(২) **"আইন"** অর্থ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ (২০০০ সনের ২৬ নং আইন);

(৩) **"উপযুক্ত কর্তৃপক্ষ (competent authority)"** অর্থ এই প্রবিধানমালার অধীন নির্দিষ্ট কার্য সম্পাদনের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে, ক্ষেত্রমত, সরকার বা পরিচালনা পরিষদ বা মহাপরিচালক কর্তৃক মনোনীত কোন কর্তৃপক্ষ;

(৪) **"কর্তৃপক্ষ (authority)"** অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিবার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তা এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(৫) **"কর্মকর্তা (officer)"** অর্থ বোর্ডের কোন কর্মকর্তা;

(৬) **"কর্মচারী (employee)"** অর্থ বোর্ডের কোন কর্মচারী, স্থায়ী বা অস্থায়ী যাহাই হউক, এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(৭) **"গড় বেতন (average pay)"** অর্থ কোন কর্মচারীর ছুটি গ্রহণের অব্যবহিত পূর্ববর্তী পূর্ণ ১২ (বার) মাসের গড় মাসিক বেতন এবং ছুটিতে যাইবার অব্যবহিত পূর্ব মাসে গৃহীত বেতন এর মধ্যে যাহা কর্মচারীর জন্য অধিক লাভজনক;

(৮) **"চিকিৎসা কর্মকর্তা (medical officer)"** অর্থ বোর্ডের চীফ মেডিক্যাল অফিসার, জেলা সিভিল সার্জন বা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত কোন রেজিষ্টার্ড চিকিৎসক;

(৯) **"ডিগ্রী", "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট"** অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট বা, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

(১০) **"তফসিল (schedule)"** অর্থ এই প্রবিধানমালার তফসিল;

(১১) **"নিয়োগকারী কর্তৃপক্ষ (appointing authority)"** অর্থ মহাপরিচালক এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(১২) **"পদ (post)"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(১৩) **"পলায়ন (desertion)"** অর্থ—

(অ) বিনা অনুমতিতে চাকুরী বা কর্মস্থল ত্যাগ করা;

(আ) ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় যাবৎ কর্তব্য হইতে অনুপস্থিত থাকা;

(ই) অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় পুনঃঅনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা;

(ঈ) বিনা অনুমতিতে দেশ ত্যাগ করা এবং ৩০ (ত্রিশ) দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা; অথবা

(উ) অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা;

(১৪) **"পরিষদ (Council)"** অর্থ আইনের ধারা ৭ এ উল্লিখিত পরিষদ;

(১৫) **"পূর্বস্বত্ব (lien)"** অর্থ এক বা একাধিক অনুপস্থিতির সময়কাল অতিবাহিত করিবার পর স্থায়ীভাবে (substantively) কোন স্থায়ীপদে নিযুক্ত কর্মচারীর উক্ত পদে স্থায়ীভাবে বহাল বা অধিষ্ঠিত থাকিবার স্বত্ব বা অধিকার;

(১৬) **"বাছাই কমিটি"** অর্থ প্রবিধান ৮ এর বিধান অনুযায়ী গঠিত কোন বাছাই কমিটি;

(১৭) **"বিজ্ঞাপন (advertisement)"** অর্থ ব্যাপক প্রচারের উদ্দেশ্যে পত্রিকা বা অন্য কোন গণ-মাধ্যমে প্রকাশিক বিজ্ঞাপন;

(১৮) **"বোর্ড (board)"** অর্থ আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

(১৯) **"মহাপরিচালক (Director General)"** অর্থ বোর্ডের মহাপরিচালক;

(২০) **"শ্রেণীগুচ্ছ (Cadre)"** অর্থ সম প্রকৃতির কতিপয় পদের সমষ্টি;

(২১) **"সম্মানী (honorarium)"** অর্থ সাময়িক প্রকৃতির বিশেষ ধরনের ঝুঁকিপূর্ণ বা কষ্টসাধ্য কাজের স্বীকৃতিস্বরূপ কোন কর্মচারীকে সরকারি রাজস্ব হইতে আবর্তক বা অনাবর্তকভাবে প্রদত্ত অর্থ;

(২২) **"স্বীকৃত ইনস্টিটিউট (recognized institute)", "স্বীকৃত প্রতিষ্ঠান (recongnized organization)", "স্বীকৃত বিশ্ববিদ্যালয় (recongnized university)" বা "স্বীকৃত বোর্ড (recognized board)"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন ইনস্টিটিউট, প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, বা বোর্ড এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড কর্তৃক স্বীকৃত অন্য কোন ইনস্টিটিউট, প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## নিয়োগ পদ্ধতি, ইত্যাদি

৩। **নিয়োগ পদ্ধতি।**—এই অধ্যায়, তফসিল এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯ অনুচ্ছেদের বিধান অনুসারে সরকার কর্তৃক জারীকৃত নির্দিষ্ট কোটা ও অন্যান্য নিয়ামাবলী প্রতিপালন সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(১) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(২) পদোন্নতির মাধ্যমে;

(৩) প্রেষণে বদলীর মাধ্যমে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন; বা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়স তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, বোর্ডের চাকুরীতে নিয়োজিত আছেন এইরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বোর্ড বয়সসীমা শিথিল করিতে পারিবে।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করিয়া পূরণ করিতে হইবে এবং এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৪) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগ দান করিতে হইবে।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম বা, প্রযোজ্য ক্ষেত্রে, জীবন বৃত্তান্ত ছক এবং নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) প্রজাতন্ত্রের বা বিধিবদ্ধ সংস্থার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিলে, স্বীয় ঊর্ধ্বতন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) প্রজাতন্ত্রের বা বিধিবদ্ধ সংস্থার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হইতে শৃঙ্খলাজনিত কারণে বরখাস্ত বা বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত কোন ব্যক্তি বোর্ডের চাকুরীতে নিয়োগ প্রাপ্তির যোগ্য বিবেচিত হইবেন না।

(৭) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন; এবং

(খ) নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৮) নিয়োগাদেশ প্রাপ্ত ব্যক্তিকে চাকুরীতে যোগদানের সময় যোগদানপত্রের সহিত বোর্ড কর্তৃক নির্ধারিত ছকে তাঁহার সকল স্থাবর ও অস্থাবর সম্পদের বিবরণী দাখিল করিতে হইবে।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এই প্রবিধানমালার বিধান এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) পদোন্নতির সাধারণ মানদণ্ড (general standards for promotion) হইবে জ্যেষ্ঠতা, মেধা, দক্ষতা এবং সততা; তবে কেবল জ্যেষ্ঠতার কারণেই অধিকার হিসাবে পদোন্নতি দাবী করা যাইবে না।

(৩) চাকুরীর বৃত্তান্ত (Service Record) সন্তোষজনক না হইলে বাছাই কমিটি কোন কর্মচারীকে কোন পদে পদোন্নতির জন্য সুপারিশ করিবে না এবং তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৪) কোন কর্মচারী তাহার পদে স্থায়ী না হইলে তাহাকে পদোন্নতি প্রদান করা যাইবে না।

৬। **শ্রেণীগুচ্ছভিত্তিক পদোন্নতি।**—(১) প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং পরিচালক পদের সমস্কেলভুক্ত পদসমূহ সিলেকশন পদ হিসাবে বিবেচিত হইবে এবং উক্ত পদসমূহ একই শ্রেণীগুচ্ছের অব্যবহিত নিম্নের পদ (ফিডার পদ) হইতে, তফসিলে বর্ণিত বিধান অনুযায়ী, পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে।

(২) নির্বাহী প্রকৌশলী, অতিরিক্ত পরিচালক, উপ-পরিচালক ও সমমানের পদ এবং উপ-বিভাগীয় প্রকৌশলী ও সমস্কেলভুক্ত পদসহ অন্যান্য সকল পদ সাধারণ পদোন্নতিযোগ্য পদ হিসাবে বিবেচিত হইবে এবং উক্ত পদসমূহ একই শ্রেণীগুচ্ছের অব্যবহিত নিম্নের পদ (ফিডার পদ) হইতে, তফসিলে বর্ণিত বিধান অনুযায়ী, পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে।

৭। **নিয়োগ বিজ্ঞপ্তি।**—সরাসরি নিয়োগের মাধ্যমে পদ পূরণের নিমিত্ত, নির্ধারিত ছকে দরখাস্তআহ্বানের জন্য, রাজধানী হইতে প্রকাশিত অন্যূন ২ (দুই) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় এবং বোর্ডের ওয়েব সাইটে উন্মুক্ত বিজ্ঞাপন প্রকাশ করিতে হইবে।

৮। **বাছাই কমিটি**।—কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে মহাপরিচালক, পরিষদের সুপারিশ অনুযায়ী এবং সরকারের অনুমোদনক্রমে, বাছাই কমিটি গঠন করিবেন এবং বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ বা পদোন্নতি প্রদান করা যাইবে না।

৯। **প্রার্থীতা বাছাইয়ের পদ্ধতি**।—(১) পদ পূরণের নিমিত্ত যোগ্য প্রার্থী বাছাইয়ের উদ্দেশ্যে বাছাই কমিটি প্রার্থীদের লিখিত ও মৌখিক এবং, প্রযোজ্য ক্ষেত্রে, বোর্ড কর্তৃক স্থিরকৃত বিষয়ভিত্তিক ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করিবে।

(২) কোন প্রার্থীর লিখিত, মৌখিক ও, প্রযোজ্য ক্ষেত্রে, ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরসমূহের যোগফল হইবে তাহার প্রাপ্ত মোট নম্বর।

(৩) প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে বাছাই কমিটি প্রার্থীদের মেধাক্রম তৈরী করিবে এবং সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণপূর্বক মহাপরিচালকের নিকট নিয়োগ তালিকা সুপারিশ করিবে।

(৪) বাছাই কমিটি স্বয়ং উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

১০। **বিভাগীয় পরীক্ষা**।—(১) কর্মচারীগণকে, উপ-প্রবিধান (৪) এর বিধান সাপেক্ষে, চাকুরীতে যোগদানের ১ (এক) বৎসরের মধ্যে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বিশেষ ক্ষেত্রে চাকুরীর অত্যাবশ্যকতা বা কর্মচারীর নিয়ন্ত্রণাধীন নয় এইরূপ কোন যুক্তিযুক্ত কারণে, মহাপরিচালক বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের সময়সীমা বর্ধিত করিতে পারিবে।

(৩) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হইলে, প্রযোজ্য ক্ষেত্রে, কোন কর্মচারী চাকুরীতে স্থায়ী হইবার বা উচ্চতর পদে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

(৪) কোন্ কোন্ শ্রেণীর কর্মচারীদের জন্য বিভাগীয় পরীক্ষা আবশ্যক হইবে তাহা বোর্ড নির্ধারণ করিবে।

(৫) বোর্ড, এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে, বিভাগীয় পরীক্ষার জন্য শ্রেণীভিত্তিক সিলেবাস ও নীতিমালা প্রণয়ন করিবে।

১১। **শিক্ষানবিস**।—(১) কোন স্থায়ী শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে যোগদানের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সময় পর্যন্ত সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে শিক্ষানবিসির মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে উহাসহ, পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, উপ-প্রবিধান (৩) এর বিধান সাপেক্ষে, যোগদানের তারিখ হইতে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; অথবা,

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে।

(৩) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

## তৃতীয় অধ্যায়
## চাকুরীর সাধারণ শর্তাবলী

১২। **যোগদানের সময়।**—(১) এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে, একই পদে বা কোন নূতন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় প্রদান করা হইবে, যথা:—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন; এবং

(খ) ভ্রমণে প্রকৃতপক্ষে অতিবাহিত প্রয়োজনীয় সময়:

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাপ্তাহিক ছুটি এবং সরকারি ছুটির দিন গণনা করা হইবে না।

(২) কোন বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৩) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বদলী অথবা চাকুরীস্থল পরিবর্তন করিতে হয় এইরূপ কোন নূতন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাঁহার পুরাতন চাকুরীস্থল অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই দুইয়ের মধ্যে যে স্থান উক্ত কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয় সে স্থান হইতে তাঁহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৪) বদলীর কারণে বাসস্থান পরিবর্তনের প্রয়োজন না হইলে যোগদানকাল হইবে ১(এক) দিন এবং উক্ত ক্ষেত্রে দিন গণনায় ছুটির দিনও অন্তর্ভুক্ত হইবে, তবে ১(এক) দিনের অধিক ছুটি থাকিলে ছুটির পরদিনই যোগদান করিতে হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থল বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্বর্তীকালীন সময় মেডিক্যাল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে তাঁহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ করা পর্যন্ত যে সময় অতিবাহিত হইবে, তাহা ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) যোগদানকালীন সময় কর্তব্যকাল হিসাবে গণ্য হইবে এবং উক্ত সময়ে কর্মচারী তাঁহার পূর্বতন পদের বেতন প্রাপ্য হইবেন।

(৭) নির্ধারিত সময়ে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করা অসদাচরণ হিসাবে গণ্য হইবে এবং বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য নির্ধারিত সময়ে যোগদান না করিয়া কোন কর্মচারী বিলম্বে যোগদান করিলে তিনি যে কয়দিন বিলম্বে যোগদান করিবেন সেই কয়েক দিনের বেতন বা ছুটিকালীন বেতন পাইবেন না।

১৩। **বেতন ও ভাতা।**—সরকার বা সরকারের নির্দেশের আলোকে বোর্ড বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবে, কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

১৪। **প্রারম্ভিক বেতন।**—(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময় উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন বেতনই হইবে তাঁহার প্রারম্ভিক বেতন।

(২) বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ কোন কর্মচারীকে, সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে এবং পরিষদের অনুমোদনক্রমে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইবে।

(৩) সরকার, সরকারি কর্মচারীদের বেতন সংরক্ষণ (pay protection) এর উদ্দেশ্যে, সময় সময়, যে নির্দেশাবলী জারী করিবে, তদনুসারে বোর্ডের কর্মচারীগণের বেতন সংরক্ষণ করা হইবে।

১৫। **পদোন্নতির ক্ষেত্রে বেতন।**—কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাঁহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাঁহার পূর্ব পদে প্রাপ্ত স্কেলের বেতন অধিক হইলে, উচ্চতর পদের জন্য প্রাপ্য বেতনক্রমে তাঁহার পূর্ব পদের মূল বেতনের অব্যবহিত উপরের ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

১৬। **বেতন বর্ধন।**—(১) বেতন বৃদ্ধি স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত বার্ষিক বেতন বর্ধন মঞ্জুর করা হইবে।

(২) বেতন বৃদ্ধি স্থগিত রাখা হইলে, উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হইবে, স্থগিতকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ করিবে।

(৩) কোন শিক্ষানবিস সন্তোষজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য পরিষদ কোন কর্মচারীকে একসঙ্গে অনধিক দুইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবে।

(৫) যে ক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতাসীমা নির্ধারিত রহিয়াছে, সেই ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট সম্মতি ব্যতীত তাঁহার দক্ষতাসীমার অব্যবহিত উপরের বেতন বৃদ্ধির অনুমোদন করা যাইবে না; এইরূপ অনুমোদনের ক্ষেত্রে গোপনীয় প্রতিবেদন প্রদানে প্রতিবেদনকারী কর্মকর্তার এই মর্মে সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজ কর্ম ছিল দক্ষতাসীমা অতিক্রম করিবার জন্য উপযুক্ত।

১৭। **জ্যেষ্ঠতা**।—(১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদে তাঁহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা ভিত্তিক সুপারিশ অনুসারে, উক্ত কর্মচারীগণের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ করিবে।

(৩) পদোন্নতির ক্ষেত্রে পদোন্নতির আদেশ জারীর তারিখ হইতে অথবা উক্ত আদেশে যে তারিখ উল্লেখ থাকিবে সেই তারিখ হইতে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীর জ্যেষ্ঠতা গণনা করা হইবে।

(৪) একই সময়ে একাধিক কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হইলে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইবে সেই পদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদত্ত পদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ করা হইবে।

(৫) একই তারিখে যোগদানকারী সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীগণ জ্যেষ্ঠ হইবেন।

(৬) বোর্ড কর্মচারীগণের শ্রেণীগুচ্ছভিত্তিক ও, প্রয়োজনে, সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত, হালনাগাদ ও সংরক্ষণ করিবে এবং, সময় সময়, কর্মচারীগণের অবগতির জন্যে প্রকাশ করিবে।

১৮। **চাকুরীর কতিপয় সুনির্দিষ্ট শর্তাবলী**।—(১) বোর্ড কর্তৃক সুনির্দিষ্টভাবে ভিন্নরূপ কোন কিছু নির্ধারণ করা না হইলে একজন কর্মচারী সার্বক্ষণিকভাবে বোর্ডের চাকুরীতে নিয়োজিত থাকিবেন এবং, বোর্ডের প্রয়োজনে, কর্তৃপক্ষ তাঁহাকে যে কোন পদ্ধতিতে যে কোন স্থানে নিযুক্ত করিতে পারিবে।

(২) একই সময়ে একই স্থায়ী পদে দুই বা ততোধিক কর্মচারীকে স্থায়ীভাবে নিয়োগ করা যাইবে না।

(৩) একজন কর্মচারীকে একই সময়ে দুই বা ততোধিক স্থায়ী পদে, সাময়িক ব্যবস্থা ব্যতীত, স্থায়ীভাবে নিয়োগদান করা যাইবে না।

(৪) একজন কর্মচারীর পূর্বস্বত্ব রহিয়াছে এইরূপ কোন পদে অপর কোন কর্মচারীকে স্থায়ীভাবে (substantively) নিয়োগ করা যাইবে না।

১৯। **প্রেষণ ও পূর্বস্বত্ব**।—(১) বোর্ড, তফসিলের বিধানাবলী সাপেক্ষে, বোর্ডের কোন পদে সরকারি বা অন্য কোন সংস্থার কোন উপযুক্ত কর্মকর্তা বা কর্মচারীকে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত বেতন স্কেলের সমান বেতন স্কেলে প্রেষণে নিয়োগ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা সংস্থার নিকট অনুরোধ জ্ঞাপন করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (৩) এর বিধান সাপেক্ষে, বোর্ড যদি মনে করে যে, উহার কোন কর্মচারীর পারদর্শিতা এবং তৎকর্তৃক গৃহীত কোন বিশেষ প্রশিক্ষণ অন্য কোন সংস্থা, অতঃপর হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে বোর্ড এবং হাওলাত গ্রহণকারী সংস্থার মধ্যে পারস্পরিকভাবে সম্মত মেয়াদ ও শর্তাধীনে হাওলাত গ্রহণকারী সংস্থার কোন পদে সংশ্লিষ্ট কর্মচারীকে প্রেষণে নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সংস্থার অনুকূলে ন্যস্ত করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীকে তাহার সম্মতি ব্যতিরেকে প্রেষণে কর্মরত থাকিবার জন্য নির্দেশ প্রদান করা যাইবে না।

(৩) হাওলাত গ্রহণকারী সংস্থা বোর্ডের কোন কর্মচারীর চাকুরীর আবশ্যকতা জ্ঞাপন করিয়া অনুরোধ করিলে, বোর্ড উক্ত কর্মচারীর সম্মতি এবং সরকারের অনুমোদন গ্রহণপূর্বক হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাঁহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৪) উপ-প্রবিধান (৩) এ উল্লিখিত বিষয় ছাড়াও প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিতে হইবে, যথাঃ

(ক) প্রেষণের সময়কাল, ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া, ৩ (তিন) বৎসরের অধিক হইবে না;

(খ) বোর্ডের চাকুরীতে কর্মচারীর পূর্বস্বত্ব থাকিবে এবং প্রেষণের সময়কাল শেষ হইবার পর অথবা তৎপূর্বেই ইহার অবসান ঘটিলে তিনি বোর্ডের চাকুরীতে প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা সংশ্লিষ্ট কর্মচারীর ভবিষ্য তহবিল ও পেনশন তহবিলে, যদি থাকে, অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।

(৫) প্রেষণে থাকাকালে কোন কর্মচারী বোর্ডের চাকুরীতে পদোন্নতির জন্য যোগ্য হইলে, তাহার পদোন্নতির বিষয় অন্যান্যদের সহিত একত্রে বিবেচনা করিতে হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে বোর্ডে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৬) প্রেষণে থাকাকালে, পদোন্নতি কার্যকর করিবার উদ্দেশ্যে, কোন কর্মচারীকে বোর্ড ফেরত চাহিলে, সংশ্লিষ্ট কর্মচারী যদি যথাসময়ে ফেরত না আসেন, তাহা হইলে পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৭) কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার জন্য অনুমতি প্রদান করা হইলে, প্রেষণে থাকাকালীন উক্ত কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে এবং এইরূপ ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা ছাড়াই সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য নিয়ম বা Next Below Rule অনুযায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাঁহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে।

(৮) প্রেষণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে শৃংখলামূলক কার্যক্রম সূচনা করিবার ক্ষেত্রে হাওলাত গ্রহণকারী সংস্থা বোর্ড এর ন্যায় ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, যে অবস্থার প্রেক্ষিতে শৃংখলামূলক কার্যক্রম গ্রহণ করা হইবে, তাহা অনতিবিলম্বে বোর্ডকে অবহিত করিতে হইবে।

(৯) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিরুদ্ধে সূচিত শৃংখলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যক, তাহা হইলে উক্ত সংস্থা সংশ্লিষ্ট রেকর্ডসমূহ বোর্ড এর নিকট প্রেরণ করিবে এবং অতঃপর বোর্ড যেরূপ প্রয়োজন বলিয়া মনে করিবে সেইরূপ ব্যবস্থা গ্রহণ করিবে।

(১০) কোন কর্মচারী স্ব-উদ্যোগে, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিয়া, বোর্ডের বাহিরে অন্য কোন প্রতিষ্ঠান বা সংস্থায় চাকুরী প্রাপ্ত হইলে এবং উক্ত চাকুরীতে যোগদানের জন্য বোর্ডর চাকুরীতে পূর্বস্বত্ব রাখিবার আগ্রহ পোষণ করিয়া আবেদন করিলে বোর্ড তাঁহার অনুকূলে পূর্বস্বত্ব মঞ্জুর করিতে পারিবে।

(১১) পূর্বস্বত্বে থাকাকালে কোন কর্মচারীর পদোন্নতি কার্যকর করিবার উদ্দেশ্যে বোর্ড তাঁহাকে বোর্ডে যোগদানের জন্য নির্দেশ প্রদান করিলে যদি তিনি যথাসময়ে যোগদান না করেন, তাহা হইলে পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা উক্ত পদে তাঁহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(১২) পূর্বস্বত্ব সংক্রান্ত বিষয়ে সরকারি কর্মচারীগণের জন্য প্রযোজ্য বিধি-বিধান বোর্ডের কর্মচারীগণের ক্ষেত্রে প্রয়োজ্য হইবে।

২০। **বদলী**।—(১) কোন কর্মচারীকে তাহার লিখিত অনুরোধ বা এই প্রবিধানমালার আওতায় কোনরূপ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ছাড়াও এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে বদলী করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ব্যতীত, কোন অবস্থাতেই কর্মচারী যে পদে অধিষ্ঠিত থাকিবেন সেই পদের নিম্ন বেতনভুক্ত কোন পদে বদলী করা যাইবে না।

(২) বদলীর ক্ষেত্রে পরিচালনা পরিষদ কর্তৃক অনুমোদিত বদলী নীতিমালা অনুসৃত হইবে।

## চতুর্থ অধ্যায়
## ছুটি, ইত্যাদি

২১। **বিভিন্ন প্রকারের ছুটি**।—(১) কোন কর্মচারী নিম্নবর্ণিত যে কোন ধরনের ছুটি পাইবেন, যথা :—

(ক) পূর্ণ গড় বেতনে ছুটি;

(খ) অর্ধ গড় বেতনে ছুটি;

(গ) প্রাপ্যতাবিহীন ছুটি;

(ঘ) বিনা বেতনে অসাধারণ ছুটি;

(ঙ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;

(চ) সঙ্গরোধ ছুটি;

(ছ) প্রসূতি ছুটি;

(জ) অধ্যয়ন ছুটি;

(ঝ) নৈমিত্তিক ছুটি; এবং

(ঞ) অবসর-উত্তর ছুটি;

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যবিধ ছুটি মঞ্জুর করিতে পারিবে এবং ইহা সাধারণ ছুটির দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর উদ্দেশ্যপূরণকল্পে নিম্নোক্ত কর্মকর্তাগণ উপযুক্ত কর্মকর্তা হিসাবে বিবেচিত হইবেন, যথা :—

(ক) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলীর নিম্নে নয় এমন সংশ্লিষ্ট দপ্তর প্রধান;

(খ) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা এবং সহকারী প্রকৌশলীর পদমর্যাদার প্রথম শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালক বা সমমানের কর্মকর্তা;

(গ) নির্বাহী প্রকৌশলী, উপ-পরিচালক বা সমমানের প্রথম শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী; এবং

(ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালক বা সমমান এবং তদূর্ধ্ব কর্মকর্তাদের ক্ষেত্রে মহাপরিচালক।

(৪) মহাপরিচালক, পরিষদের অনুমোদনক্রমে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করিতে পারিবেন।

২২। **পূর্ণ গড় বেতনে ছুটি।**—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের **১ঃ১১** হারে পূর্ণ গড় বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ গড় বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ ৪ (চার) মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অর্জিত ছুটির পরিমাণ ৪ (চার) মাসের অধিক হইলে তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একটি পৃথক খাতে জমা দেখানো হইবে এবং উহা হইতে ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিত্তবিনোদনের জন্য উক্ত জমাকৃত ছুটি হইতে পূর্ণ গড় বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

২৩। **অর্ধ গড় বেতনে ছুটি।**—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের **১ঃ১২** হারে অর্ধ গড় বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জমা হইবার কোন সীমা থাকিবে না।

(২) প্রতি দুই দিনের অর্ধ গড় বেতনের ছুটিকে, কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, একদিনের পূর্ণ গড় বেতনের ছুটিতে রূপান্তরিত করিয়া কোন কর্মচারীকে সর্বোচ্চ **১২** (বার) মাস পর্যন্ত পূর্ণ গড় বেতনে ছুটি মঞ্জুর করা যাইবে।

২৪। **প্রাপ্যতাবিহীন ছুটি।**—(১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাঁহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ **১২** (বার) মাস পর্যন্ত এবং অন্য কোন কারণে হইলে **৩** (তিন) মাস পর্যন্ত অর্ধ গড় বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি মঞ্জুর করা যাইবে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হইবার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি পূর্বেই যে ছুটি ভোগ করিয়াছেন পুনরায় সেই ছুটি অর্জিত না হওয়া পর্যন্ত, নূতনভাবে অর্ধ গড় বেতনে কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

২৫। **বিনা বেতনে অসাধারণ ছুটি**।—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে অথবা অন্য কোন প্রকার ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাঁহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইবে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে ৩ (তিন) মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইবে, যথাঃ—

(ক) যেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতি প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণ শেষে ৫ (পাঁচ) বৎসরের জন্য তিনি বোর্ডের চাকুরী করিবেন;

(খ) যেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন; অথবা

(গ) যেক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এইমর্মে সন্তুষ্ট হয় যে, কর্মচারী তাঁহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকারিতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারিবে।

২৬। **বিশেষ অক্ষমতাজনিত ছুটি**।—(১) কোন কর্মচারী তাঁহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাঁহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাত প্রাপ্ত হইয়া দায়িত্ব পালনে অক্ষম হইলে, পরিষদের অনুমোদনক্রমে মহাপরিচালক তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করিতে পারিবেন।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটির জন্য আবেদন করা হয়, সেই অক্ষমতা ৩ (তিন) মাসের মধ্যে প্রকাশ না পাইলে এবং যে কর্মচারী অক্ষম হন সেই কর্মচারী অনুরূপ অক্ষমতার কারণ অবিলম্বে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজন বলিয়া এতদুদ্দেশ্যে বোর্ড কর্তৃক নিযুক্ত চিকিৎসা পরিষদ বা চিকিৎসক প্রত্যয়ন করিবে সেই মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে এবং উক্ত পরিষদ বা চিকিৎসকের প্রত্যয়ন ব্যতিরেকে উক্ত মেয়াদ বর্ধিত করা যাইবে না এবং এইরূপ ছুটি কোনক্রমেই ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সহিত সংযুক্ত করা যাইবে।

(৫) যদি একই ধরনের অবস্থায় পরবর্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবার মঞ্জুরীকৃত ছুটির পরিমাণ ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঞ্জুর করা যাইবে।

(৬) যেক্ষেত্রে কর্মচারী শুধু আনুতোষিক এবং অবসর ভাতা প্রাপ্য হন, সেই ক্ষেত্রে অবসর ভাতার বিষয়ে চাকুরী হিসাব করিবার সময়ে বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং উহা উক্ত কর্মচারীর ছুটির হিসাব হইতে বিয়োজন করা যাইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) উপ-প্রবিধান (৫) এর অধীনে মঞ্জুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম ৪ (চার) মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরূপ কোন ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলীর প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাঁহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাঁহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে দুর্ঘটনাবশতঃ আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাঁহার পদের স্বাভাবিক ঝুঁকি বহির্ভূত অসুস্থতা বা জখম বাড়াইয়া তুলিবার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থতা বা জখমের দরুণ অক্ষম হইয়াছেন।

২৭। **সঙ্গরোধ ছুটি।**—(১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকিবার কারণে যদি উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ দ্বারা তাঁহাকে অফিসে উপস্থিত না হইবার জন্য নির্দেশ প্রদান করা হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে, সেই সময়কাল হইবে সঙ্গরোধ ছুটি।

(২) দপ্তর প্রধান, কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার প্রদত্ত সার্টিফিকেটের ভিত্তিতে, অনুর্ধ ২১ (একুশ) দিন অথবা অস্বাভাবিক অবস্থায় ৩০ (ত্রিশ) দিনের জন্য সঙ্গরোধ ছুটি মঞ্জুর করিতে পারিবে।

(৩) সঙ্গরোধের জন্য উপ-প্রবিধান (২) এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রবিধানমালার অধীনে অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অনুযায়ী প্রাপ্য সর্বাধিক ছুটি সাপেক্ষে, প্রয়োজন হইলে, অন্যবিধ ছুটির সহিত সঙ্গরোধ ছুটিও মঞ্জুর করা যাইতে পারে।

(৫) সঙ্গরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাঁহার দায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাঁহাকে এইরূপ কোন ছুটি প্রদান করা যাইবে না।

২৮। **প্রসূতি ছুটি**।—(১) কোন মহিলা কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক ৬ (ছয়) মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে এবং উহা তাঁহার পাওনা ছুটির হিসাব হইতে কর্তন করা যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঞ্জুরীর অনুরোধ কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্য অন্য যে কোন প্রকারের ছুটির সহিত একত্রে বা উহা সম্প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) কোন কর্মচারীকে বোর্ডের সমগ্র চাকুরী জীবনে ২ (দুই) বারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৯। **অধ্যয়ন ছুটি**।—(১) বোর্ডের চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বৈজ্ঞানিক, কারিগরী বা অনুরূপ কোন বিষয় অধ্যয়ন কিংবা বিশেষ ধরনের প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, কোন কর্মচারীকে, উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, অর্ধ বেতনে অনধিক ১২ (বার) মাস পর্যন্ত অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারিবে এবং এইরূপ মঞ্জুরীকৃত ছুটি তাঁহার ছুটির হিসাব হইতে কর্তন করা যাইবে না।

(২) নিম্নরূপ ক্ষেত্রে কোন কর্মচারীকে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইবে না, যথা:—

(ক) চাকুরীর মেয়াদ ৫ (পাঁচ) বৎসর পূর্ণ হইবার পূর্বে; এবং

(খ) চাকুরীর মেয়াদ ২৫ (পঁচিশ) বৎসর পূর্ণ হইবার পর।

(৩) যেক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তাঁহার অধ্যয়ন বা প্রশিক্ষণ বা পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেই ক্ষেত্রে সময়ের স্বল্পতা পূরণকল্পে, অনধিক আরও ১ (এক) বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করা যাইবে।

(৪) পূর্ণ গড় বেতনে বা অর্ধ গড় বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে এইরূপ মঞ্জুরীকৃত ছুটি কোনক্রমেই একত্রে ২ (দুই) বৎসরের অধিক হইবে না।

৩০। **নৈমিত্তিক ছুটি**।—(১) সরকার, সময়ে সময়ে, সরকারি কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট যতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবে কর্মচারীগণ সংশ্লিষ্ট পঞ্জিকা বৎসরে মোট ততদিন নৈমিত্তিক ছুটি প্রাপ্য হইবেন।

(২) কোন কর্মচারীকে এক সংগে ১০ (দশ) দিনের অতিরিক্ত নৈমিত্তিক ছুটি প্রদান করা যাইবে না।

(৩) নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবার জন্য কোন আনুষ্ঠানিক আদেশ বা বিজ্ঞপ্তি জারী করিবার অথবা এই ছুটি চাকুরীর বৃত্তান্ত বহিতে লিপিবদ্ধ করিবার প্রয়োজন হইবে না।

(৪) নৈমিত্তিক ছুটি প্রতিটি পঞ্জিকা বৎসরের মধ্যেই গ্রহণীয় হইবে এবং কোন পঞ্জিকা বৎসরের অব্যয়িত নৈমিত্তিক ছুটি উক্ত বৎসরের ডিসেম্বর মাসের ৩১ (একত্রিশ) তারিখে তামাদি হইয়া যাইবে।

(৫) নৈমিত্তিক ছুটি সাপ্তাহিক বা সাধারণ ছুটির দিনসহ ধারাবাহিকতা রক্ষা করিয়া গ্রহণ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, গৃহীত নৈমিত্তিক ছুটির মধ্যবর্তী সময়ে কোন সাপ্তাহিক বা সাধারণ ছুটির দিন থাকিলে, উক্ত সাপ্তাহিক বা সাধারণ ছুটিসহ সমগ্র সময়টি নৈমিত্তিক ছুটি হিসাবেই গণ্য হইবে যদি উক্ত ছুটির পরিমাণ সর্বাধিক প্রাপ্য নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা অধিক না হয় এবং অধিক হইলে উক্ত সম্পূর্ণ সময়কাল, প্রাপ্যতা সাপেক্ষে, পূর্ণ বা অর্ধ গড় বেতনে অর্জিত ছুটিতে পরিণত হইবে এবং ঐরূপ ছুটি পাওনা না থাকিলে উহা বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৬) নৈমিত্তিক ছুটি অন্য কোন প্রকার ছুটির সহিত সংযুক্ত করিয়া মঞ্জুর করা যাইবে না।

(৭) নৈমিত্তিক ছুটির মেয়াদ বর্ধিত করা যাইবে যদি সমগ্র সময়টি (প্রথম মঞ্জুরীকৃত নৈমিত্তিক ছুটির সময়সহ) পাওনা থাকে, তবে উক্তরূপে গৃহীত ছুটি একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা অধিক হইলে উহা উপ-প্রবিধান (৫) এর বিধান অনুসারে অর্জিত ছুটিতে পরিণত হইবে এবং অন্য কোন প্রকার ছুটি পাওনা না থাকিলে বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৮) যোগদানের দিনের সহিত যুক্ত করিয়া নৈমিত্তিক ছুটি গ্রহণ করা যাইবে না।

(৯) এক দফায় গৃহীত নৈমিত্তিক ছুটি এক পঞ্জিকা বৎসর হইতে পরবর্তী পঞ্জিকা বৎসরে সম্প্রসারণ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত ছুটির সর্বোচ্চ পরিমাণ একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হইবে না এবং ঐ ছুটির যে কয়দিন ডিসেম্বর মাসে পড়িবে সেই কয়দিনের নৈমিত্তিক ছুটি সংশ্লিষ্ট বৎসরে পাওনা থাকিতে হইবে এবং উক্ত ছুটির অবশিষ্ট অংশ পরবর্তী বৎসরের নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে।

৩১। **অবসর-উত্তর ছুটি**।—(১) Public Servants Retirement Act, 1974 (Act No. XII of 1974) এর বিধান অনুযায়ী সরকারি কর্মচারীগণ অবসর গ্রহণের বা চাকুরীর অবসানের ক্ষেত্রে যে নিয়ম ও পদ্ধতিতে অবসর-উত্তর ছুটি প্রাপ্য হন কর্মচারীগণও সেই নিয়ম ও পদ্ধতিতে অবসর-উত্তর ছুটি প্রাপ্য হইবেন।

৩২। **ছুটির পদ্ধতি**।—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব বোর্ড কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে সংরক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে অথবা সাদা কাগজে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী কর্মচারী যে কর্মকর্তার অধীনে কর্মরত থাকিবেন, সেই কর্মকর্তার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর প্রাপ্য ছুটি মঞ্জুর করিবে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাঁহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি আনুষ্ঠানিক মঞ্জুরী আদেশ সাপেক্ষে উক্ত কর্মচারীকে একাধারে অনূর্ধ্ব ১৫ (পনের) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি প্রদান করিতে পারিবেন।

(৫) স্বাস্থ্যগত কারণে কোন কর্মচারীকে ছুটি মঞ্জুর করিবার অথবা মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ বাড়াইবার পূর্বে উপযুক্ত কর্তৃপক্ষ, ইচ্ছা করিলে, বোর্ড কর্তৃক নির্দেশিত কোন চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র সংগ্রহ করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৬) কোন কর্মচারীর অসুস্থতার বিষয়ে বোর্ড কর্তৃক মনোনীত চিকিৎসা কর্তৃপক্ষের মতামত যাচনা করা হইলে, মেডিক্যাল সার্টিফিকেটের ভিত্তিতে, ছুটির আবেদন বা ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন মঞ্জুর করা যাইবে।

(৭) বোর্ড কর্তৃক মনোনীত চিকিৎসা কর্তৃপক্ষের নিকট হইতে গৃহীত মেডিক্যাল সার্টিফিকেট পেশ করা মাত্রই ছুটি প্রাপ্তির অধিকার অর্জিত হইবে না এবং ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট মেডিক্যাল সার্টিফিকেট পেশ করিয়া উক্ত কর্তৃপক্ষের নির্দেশের অপেক্ষায় থাকিতে হইবে।

(৮) বাংলাদেশের বাহিরে ছুটিতে অবস্থানকারী কোন কর্মচারী চিকিৎসারত থাকার কারণে ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করিলে উক্ত আবেদনের সহিত সংশ্লিষ্ট চিকিৎসকের প্রত্যয়নপত্র সংযুক্ত করিতে হইবে।

(৯) উপ-প্রবিধান (৮) এ উল্লিখিত প্রত্যয়নপত্রে অসুস্থতার প্রকৃতি এবং অসুস্থ কর্মচারীর শারীরিক অবস্থা সম্পর্কে বিস্তারিত বিবরণ থাকিতে হইবে এবং চিকিৎসকের স্বাক্ষর সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

৩৩। **ছুটিকালীন বেতন।**—(১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে, উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যেই বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে, উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধহারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

৩৪। **ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।**—ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইবে এবং তাঁহাকে অনুরূপভাবে তলব করা হইলে, তিনি যে কর্মস্থলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হইবার তারিখ হইতে তাঁহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য উক্ত কর্মচারী ভ্রমণ ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩৫। **ছুটির নগদায়ন।**—(১) যে কর্মচারী প্রবিধান ৬১ এর অধীন পেনশন সুবিধা গ্রহণের ইচ্ছা পোষণ করেন নাই, তিনি বোর্ডে তাঁহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত বা অভোগকৃত ছুটির (নৈমিত্তিক ছুটি ব্যতীত) ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) নগদ অর্থে রূপান্তরিত করিবার জন্য অনুমতি পাইতে পারেন, তবে এইরূপ রূপান্তরিত অর্থের মোট পরিমাণ তাঁহার ১২ (বার) মাসের বেতন অপেক্ষা অধিক হইবে না।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ছুটি নগদ অর্থে রূপান্তরিত করা যাইবে।

(৩) কোন কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃতুবরণ করিলে মৃত্যুবরণের তারিখে, তাহার অবসর গ্রহণ করিয়া, তাহার ছুটি পাওনা সাপেক্ষে, ছুটির পরিবর্তে তাহার প্রাপ্য নগদ অর্থ তাহার পরিবারকে প্রদান করা হইবে।

[**ব্যাখ্যা** ঃ এই প্রবিধানে 'পরিবার' বলিতে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের অবসর গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সংশ্লিষ্ট বিধিমালায় পরিবারকে যে অর্থে সংজ্ঞায়িত করা হইয়াছে সেই অর্থে বুঝাইবে।]

## পঞ্চম অধ্যায়
## ভাতা, ইত্যাদি

৩৬। **ভ্রমণ ভাতা, ইত্যাদি।**—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাঁহার দায়িত্ব পালন করিবার জন্য ভ্রমণকালে বা বদলী উপলক্ষ্যে ভ্রমণকালে, সরকার কর্তৃক সময়ে সময়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য জারীকৃত নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী, ভ্রমণভাতা ও দৈনিকভাতা পাইবার অধিকারী হইবেন।

৩৭। **সম্মানী, ইত্যাদি।**—বোর্ড উহার কোন কর্মচারীকে, সাময়িক প্রকৃতির কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এইরূপ নব-প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য সম্মানী হিসাবে নগদ অর্থ অথবা, অন্য কোন পুরস্কার প্রদানের যৌক্তিকতা থাকিলে, পুরস্কার প্রদান করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী, নগদ অর্থ বা পুরস্কার মঞ্জুর করা যাইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক উক্তরূপ সুপারিশ করা না হয়।

৩৮। **দায়িত্ব ভাতা।**—কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ (একুশ) দিনের জন্য তাঁহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে সমমান অথবা উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে, তাঁহাকে সরকার কর্তৃক সরকারি কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী দায়িত্ব ভাতা প্রদান করা হইবে।

৩৯। **উৎসব, চিকিৎসা ভাতা ও শ্রান্তিবিনোদন ভাতা।**—(১) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে, সময়ে সময়ে, জারীকৃত আদেশ মোতাবেক কর্মচারীগণ উৎসব ভাতা ও বোনাস প্রাপ্ত হইবেন।

(২) সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ নির্ধারিত যে হারে চিকিৎসা ভাতা প্রাপ্ত হন কর্মচারীগণ উক্ত হারে চিকিৎসা ভাতা প্রাপ্ত হইবেন।

(৩) সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ নির্ধারিত যে নিয়ম ও হারে ছুটিসহ শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্ত হন, কর্মচারীগণ সেই হার ও নিয়মে ছুটিসহ শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্ত হইবেন।

৪০। **অধিকাল ভাতা।**—সরকার কর্তৃক নির্ধারিত শ্রেণীর কর্মচারীগণ নির্দিষ্ট দাপ্তরিক কর্মঘন্টা সময়ের অতিরিক্ত সময়ের কাজের জন্য সরকার কর্তৃক নির্ধারিত হার ও অধিকাল সীমা অনুযায়ী অধিকাল ভাতা প্রাপ্য হইবেন।

৪১। **দায়িত্বের পালাবদল ভাতা।**—বোর্ডের স্বার্থে উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কোন কর্মচারী নিয়মিতভাবে পালাবদল করিয়া দায়িত্ব পালন করিলে, তিনি সরকার কর্তৃক নির্ধারিত হারে পালাবদল ভাতা প্রাপ্য হইবেন।

৪২। **ঝুঁকিভাতা, ইত্যাদি।**—(১) যে সকল পদে দায়িত্ব পালনের ক্ষেত্রে বিশেষ ধরনের ঝুঁকির সম্ভাবনা থাকে, সেই ধরনের কোন ঝুঁকি সংযুক্ত পদে কোন কর্মচারী অধিষ্ঠিত থাকিলে, সরকার কর্তৃক নির্ধারিত হারে, ঝুঁকিভাতা প্রাপ্য হইবেন।

(২) কোন্ কোন্ পদ ঝুঁকি সংযুক্ত পদ হিসাবে বিবেচিত হইবে তাহা বোর্ড নির্ধারণ করিবে।

(৩) অনধিক ৪ (চার) মাস পর্যন্ত সাময়িক বদলীর ক্ষেত্রে যদি কর্তৃপক্ষ বদলীর আদেশে এই মর্মে প্রত্যায়ন করেন যে, বদলীকৃত কর্মচারী বদলীর আদেশের মেয়াদ উত্তীর্ণের পর পুনরায় মূল দায়িত্বে ফিরিয়া আসিবেন, তাহা হইলে সংশ্লিষ্ট কর্মচারী পূর্বতন কর্মস্থলের নির্ধারিত বাসা ভাড়া ছাড়াও, সরকার কর্তৃক নির্ধারিত হারে, ক্ষতিপূরণ ভাতা প্রাপ্য হইবেন।

৪৩। **বাড়ী ভাড়া ভাতা।**—বোর্ডের অনুমোদিত বাসা বরাদ্দ নীতিমালার ভিত্তিতে বোর্ড কর্মচারীদের অনুকূলে বোর্ডের নিজস্ব বাসা বরাদ্দ প্রদান করিবে এবং কোন কর্মচারী উক্তরূপ বাসা প্রাপ্ত না হইলে বা বোর্ডের আবাসন সুবিধার আওতার বাহিরে থাকিলে, তিনি সরকার কর্তৃক সরকারি কর্মচারীগণের জন্য নির্ধারিত হার অনুযায়ী বাড়ীভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৪৪। **ঋণ সুবিধাদি।**—গৃহ নির্মাণ ও গৃহ মেরামতের জন্য বা কার, মোটর সাইকেল, বাই-সাইকেল, কম্পিউটার, ইত্যাদি ক্রয়ের জন্য সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ যে শর্তে ও হারে ঋণ সুবিধা প্রাপ্ত হন, বোর্ড উহার কর্মচারীদের জন্য সেইরূপ শর্ত ও হারে উক্তরূপ ঋণ সুবিধা প্রদান করিতে পারিবে।

## ষষ্ঠ অধ্যায়
## চাকুরীর বৃত্তান্ত

৪৫। **চাকুরীর বৃত্তান্ত।**—(১) পৃথক পৃথক ভাবে প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর জন্য চাকুরীর বৃত্তান্ত রক্ষণাবেক্ষণ করা হইবে এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্দিষ্ট ছক অনুযায়ী চাকুরী বহিতে (Service Book) তাঁহাদের চাকুরীর পূর্ণাঙ্গ বিবরণী সংরক্ষণ করা হইবে।

(২) চাকুরী বহিতে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ, চাকুরীতে যোগদানের তারিখ, বেতনক্রম, প্রারম্ভিক বেতন, বাৎসরিক বেতন বৃদ্ধি, পদোন্নতি, ছুটি, ইত্যাদি যাবতীয় বিষয় লিপিবদ্ধ থাকিতে হইবে।

(৩) চাকুরী বহিতে স্বাক্ষরকারী কর্মকর্তা এই মর্মে নিশ্চিত হইয়া স্বাক্ষর প্রদান করিবেন যে, সকল ঘটনা যথাযথভাবে লিপিবদ্ধ ও স্বাক্ষরিত হইয়াছে এবং উহাতে কোন প্রকার ঘষামাজা বা লেখার ভিতর উপরি-লিখন (overwriting) করা হয় নাই।

(৪) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসর একবার তাঁহার চাকুরী বহি পরিদর্শন করিতে পারিবেন এবং এইরূপ পরিদর্শনের পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর প্রদান করিবেন।

(৫) যদি কোন কর্মচারী তাঁহার চাকুরী বহি পরিদর্শনকালে উহাতে কোন ভুল বা বিলুপ্তি দেখিতে পান, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য ১৫ (পনের) দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে উক্ত কর্মকর্তার দৃষ্টিগোচর করিবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করতঃ বিষয়টি উক্ত কর্মচারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৪৬। **বার্ষিক প্রতিবেদন।**—(১) উপযুক্ত কর্তৃপক্ষ, চতুর্থ শ্রেণীর কর্মচারী ব্যতীত, অন্য সকল শ্রেণীর কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য ও তাঁহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করিবে এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে এবং উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর এইরূপ গোপনীয় প্রতিবেদন, প্রয়োজন বোধে, প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

(২) কোন কর্মচারী তাঁহার গোপনীয় প্রতিবেদন পরিদর্শন করিবার অধিকারী হইবেন না, তবে উক্ত প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকিলে, কৈফিয়ত প্রদানের জন্য কিংবা সংশোধনের সুযোগ প্রদানের জন্য উহা তাঁহাকে অবহিত করিতে হইবে।

## সপ্তম অধ্যায়
## সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৪৭। **আচরণ ও শৃঙ্খলা**।—(১) প্রত্যেক কর্মচারী—

(ক) এই প্রবিধানমালার বিধানসমূহ মানিয়া চলিবেন;

(খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন, তাঁহার বা তাঁহাদের, সময়ে সময়ে, প্রদত্ত সকল আইনানুগ আদেশ ও নির্দেশ পালন এবং মানিয়া চলিবেন;

(গ) বিশ্বস্ততা, সততা ও অধ্যবসায়ের সহিত বোর্ডের চাকুরী করিবেন;

(ঘ) প্রতি ৫(পাঁচ) বছর অন্তর ডিসেম্বর মাসে পূর্ব ঘোষিত সম্পদের হ্রাস-বৃদ্ধি উল্লেখ করিয়া বোর্ড কর্তৃক নির্ধারিত ছকে বোর্ডের নিকট সম্পদের হিসাব বিবরণী দাখিল করিবেন;

(ঙ) সাধারণ জনগণসহ সকল শ্রেণীর সেবা প্রার্থী বা সেবা গ্রহিতাদের সহিত শোভন আচরণ করিবেন; এবং

(চ) বোর্ডের সকল প্রকার তথ্য যথাযথভাবে হেফাজত ও সংরক্ষণ নিশ্চিত করিবেন এবং তথ্য অধিকার আইন, ২০০৯ (২০০৯ সনের ২০ নং আইন) অনুযায়ী আবেদনকারীকে সংশ্লিষ্ট তথ্য প্রদান বা সরবরাহ করিবেন বা, ক্ষেত্রমত, প্রদান বা সরবরাহে সহায়তা করিবেন।

(২) কোন কর্মচারী—

(ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ, উহার সাহায্যার্থে চাঁদা প্রদান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিতে পারিবেন না এবং রাষ্ট্র বা বোর্ডের স্বার্থের পরিপন্থী কোন কর্মকাণ্ডে নিজেকে জড়িত করিতে পারিবেন না;

(খ) তাঁহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকিবেন না কিংবা কর্মস্থল ত্যাগ করিবেন না;

(গ) বোর্ডের সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকিবার সম্ভাবনা রহিয়াছে এইরূপ কোন উৎস হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না;

(ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;

(ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে কোন ব্যবসা পরিচালনা করিবেন না;

(চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে বোর্ডের চাকুরী ব্যতীত বাহিরের কোন বৈতনিক বা অবৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং

(ছ) কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অন্য কোন খন্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোন কর্মচারী পরিষদের চেয়ারম্যন, সদস্য, মহাপরিচালক বা অতিরিক্ত মহাপরিচালকের নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না এবং কোন নিবেদন থাকিলে, তাহা উক্ত কর্মচারীর অব্যবহিত ঊর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাঁহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে বোর্ড বা বোর্ডের কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা অন্য কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা প্রভাব বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাঁহার চাকুরীর কোন বিষয়ে হস্তক্ষেপ করিবার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন সরকারি বা বেসরকারি ব্যক্তির শরণাপন্ন হইবেন না।

(৬) কোন কর্মচারী বোর্ডের কোন বিষয়ে সংবাদপত্র বা অন্য কোন গণ-মাধ্যমের সহিত সরাসরি কোন যোগাযোগ স্থাপন করিবেন না, তবে বিশেষ ক্ষেত্রে এইরূপ যোগাযোগের প্রয়োজন হইলে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঋণগ্রস্থতা পরিহার করিবেন।

৪৮। **দণ্ডের ভিত্তি।**—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী—

(ক) তাঁহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন;

(খ) অসদাচরণের দায়ে দোষী হন;

(গ) পলায়নের জন্য দোষী হন;

(ঘ) অদক্ষ হন, বা দক্ষতা হারাইয়া ফেলেন;

(ঙ) নিম্নবর্ণিত কারণে দুর্নীতিপরায়ণ হন বা যুক্তিসঙ্গতভাবে দুর্নীতিপরায়ণ বলিয়া বিবেচিত হন, যথা :—

(অ) তিনি বা তাঁহার কোন পোষ্য অথবা তাঁহার মাধ্যমে বা তাঁহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাঁহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসঙ্গতিপূর্ণ এইরূপ অর্থসম্পদ বা সম্পত্তি দখলে রাখেন যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন;

(আ) তিনি প্রকাশ্য আয়ের সহিত সঙ্গতি রক্ষা না করিয়া জীবন-যাপন করেন;

(চ) চুরি, আত্মসাৎ, তহবিল তসরুফ বা প্রতারণার দায়ে দোষী হন; অথবা

(ছ) বোর্ড বা রাষ্ট্রের বা কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত হন বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, উক্ত অন্যান্য ব্যক্তিগণ কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং যে কারণে তাঁহাকে চাকুরীতে বহাল রাখা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়।

৪৯। **দণ্ডসমূহ**।—(১) এই প্রবিধানের অধীনে নিম্নোক্ত দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথাঃ—

(ক) **লঘুদণ্ড**

(অ) তিরস্কার (censure) বা নিন্দা জ্ঞাপন;

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন-বর্ধন স্থগিত রাখা;

(ই) ৭ (সাত) দিনের মূল বেতনের সমপরিমান টাকা কর্তন;

(ঈ) নির্দিষ্ট সময়ের জন্য দক্ষতা সীমা অতিক্রম স্থগিত রাখা; এবং

(উ) সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ (drop off to a lower stage in the concern pay scale)।

(খ) **গুরুদণ্ড**

(অ) নিম্নপদ বা নিম্ন বেতন-স্কেলে অবনমিতকরণ (drop off to a lower post or pay scale);

(আ) কর্মচারী কর্তৃক সংঘটিত শৃঙ্খলাজনিত অপরাধের কারণে বোর্ডের আর্থিক ক্ষতিসাধিত হইলে, উক্ত ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ তাঁহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;

(ই) বাধ্যতামূলক অবসর প্রদান (compulsory retirement as a penal measure);

(ঈ) চাকুরী হইতে অপসারণ (removal from service); এবং

(উ) চাকুরী হইতে বরখাস্ত (dismissal from service)।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে বরখাস্ত হইলে ভবিষ্যতে বোর্ডের চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(৩) কোন কর্মচারী তাঁহার নিয়োগকারী কর্তৃপক্ষ অপেক্ষা অধঃস্তন কোন কর্তৃপক্ষের দ্বারা বরখাস্ত, অপসারিত বা পদাবনিত হইবেন না।

(৪) ফৌজদারী অপরাধ ব্যতীত, অন্য কোন অপরাধে দণ্ডিত কোন কর্মচারীকে, তাঁহার সম্পর্কে প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণের বিরুদ্ধে কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান না করা পর্যন্ত বরখাস্ত, অপসারিত বা পদাবনিত করা যাইবে না।

(৫) এই প্রবিধানমালায় উল্লিখিত দণ্ডসমূহের আরোপযোগ্যতা Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর বিধান অনুযায়ী নির্ধারিত হইবে।

৫০। **নাশকতামূলক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।**—(১) উপ-প্রবিধান ৪৮ এর দফা (ছ) তে উল্লিখিত কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা (proceeding) সূচনা করিবার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

(ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা, উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাঁহার প্রাপ্য ছুটিতে যাইবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে;

(খ) লিখিত আদেশ দ্বারা, তাঁহার বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করিবে, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাঁহাকে অবহিত করিবে; এবং

(গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাঁহাকে যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিবেঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হন যে, বোর্ড বা বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে তাঁহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সেই ক্ষেত্রে তাঁহাকে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে না।

(২) যেক্ষেত্রে উপ-প্রবিধান ১ এর দফা (গ) অনুসারে তদন্ত কমিটি গঠনের প্রয়োজন হয়, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ, অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার নিম্নে নহে, এইরূপ ৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবে এবং কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেরূপ উপযুক্ত বিবেচনা করিবে, সেইরূপ নির্দেশ প্রদান করিবে।

৫১। **লঘু দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।**—(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করিবার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি এইমর্মে অভিমত পোষণ করে যে, তাঁহার বিরুদ্ধে

অভিযোগ প্রমাণিত হইলে, তাঁহাকে তিরস্কার অপেক্ষা কঠোরতর কোন দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাঁহাকে লিখিতভাবে অবহিত করিবে এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগের কৈফিয়ত প্রদানের জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবে; এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানির সুযোগ প্রদানের পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুণ্ডদণ্ড প্রদান করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে, অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদানের পর তাহার পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়া তদকর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে, তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করিবার জন্য তদন্তকারী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে অথবা, প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) অধিকতর তদন্তের আদেশ প্রদান করা হইলে, এইরূপ প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) যেক্ষেত্রে প্রবিধান ৪৮ এর দফা (ক) বা (খ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ এইরূপ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কার দণ্ড প্রদান করা যাইতে পারে, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ—

(ক) অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দান করতঃ অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দণ্ড আরোপ করিতে পারিবে;

(খ) অভিযুক্ত ব্যক্তি ব্যক্তিগতভাবে উপস্থিত না হইলে বা উপস্থিত হইতে অস্বীকার করিলে কর্তৃপক্ষ—

(অ) শুনানী ব্যতিরেকেই অভিযুক্ত ব্যক্তির উপর দণ্ড আরোপ করিতে পারিবে; অথবা

(আ) উপ-প্রবিধান (১), (২) এবং, প্রয়োজনে, (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবার পর অভিযোগ প্রমাণিত হইলে, অভিযুক্ত ব্যক্তিকে প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) এর দফা (ক) তে বর্ণিত যে কোন লঘুদণ্ড আরোপ করা যাইবে;

(গ) লিখিতভাবে অভিযোগ জানাইবার জন্য অভিযুক্ত ব্যক্তি দাবী করিলে, কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১), (২) ও (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) এর দফা (ক) তে বর্ণিত যে কোন লঘুদণ্ড আরোপ করিবে।

৫২। **গুরুদণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।**―(১) যেক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীনে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ এইমর্মে অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্ত ব্যক্তিকে প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) এর দফা (খ) তে বর্ণিত কোন গুরুদণ্ড আরোপ করা প্রয়োজন হইতে পারে সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ-

(ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং প্রস্তাবিত দণ্ডের বিষয় উহাতে উল্লেখ করিবে এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়াছে উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময়ে অন্য যে সকল ঘটনা বিবেচনা করিবার ইচ্ছা পোষণ করে তাহাও সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিত করিবে; এবং

(খ) অভিযুক্ত ব্যক্তি অভিযোগনামা প্রাপ্তির পর ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থন করিয়া লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দণ্ড কেন তাহার উপর আরোপ করা যাইবে না তৎসম্পর্কে উক্ত বিবৃতিতে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করেন কি না তাহাও উল্লেখ করিবেন:

তবে শর্ত থাকে যে, নির্ধারিত মেয়াদ অতিক্রান্ত হইবার পূর্বেই অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পেশ করিবার জন্য অতিরিক্ত ১০ (দশ) কার্যদিবস পর্যন্ত সময় বৃদ্ধি করিতে পারিবে।

(২) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য দাখিল করেন, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অভিযোগ সংক্রান্ত অন্যান্য বিষয়াদির সাক্ষ্য প্রমাণসহ উক্ত জবাব বিবেচনা করিবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে―

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদানুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে এবং অভিযোগ প্রমাণিত হইলে লঘু দণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুনানী এবং আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য প্রদানের সুযোগদান করিয়া যে কোন একটি লঘু দণ্ড প্রদান করিতে পারিবে অথবা লঘু দণ্ড আরোপের উদ্দেশ্যে প্রবিধান ৫১ এর উপ-প্রবিধান (১) এর দফা (খ) এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত প্রবিধানে বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করতঃ তদানুসারে সিদ্ধান্ত গ্রহণ করিবে; এবং

(গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর গুরুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকিলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা অথবা অনুরূপ তিনজন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা, ক্ষেত্রমত, বর্ধিত সময়ের মধ্যে তাঁহার আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বক্তব্য দাখিল না করেন, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত বা বর্ধিত সময়, যদি থাকে, শেষ হইবার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উপ-প্রবিধান (২) এর দফা (গ) তে উল্লিখিত ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা, ক্ষেত্র বিশেষে, তদন্ত কমিটি তদন্তের আদেশ প্রদানের তারিখ হইতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ আরম্ভ করিবে ও প্রবিধান ৫৪ তে বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবে এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিবে।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবে এবং উক্ত প্রতিবেদনের ভিত্তিতে উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্তটি জানাইবে।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) এর বিধান মোতাবেক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে তাহা হইলে প্রস্তাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা যাইবে না তৎসম্পর্কে তাঁহাকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার জন্য নির্দেশ প্রদান করিবে।

(৭) উপ-প্রবিধান (৬) অনুসারে কারণ দর্শাইবার পর উক্ত কারণ ও সামগ্রিক পরিস্থিতি বিবেচনান্তে কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতঃ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তাহা অভিযুক্ত ব্যক্তিকে অবহিত করিবে।

(৮) এই প্রবিধানের অধীনে তদন্ত কার্যধারায় পর্যাপ্ত সাক্ষ্য প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং যেক্ষেত্রে কোন তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটি নিয়োগ বা গঠন করা হয়, সেইক্ষেত্রে উক্ত কর্মকর্তা বা কমিটির তদন্ত প্রতিবেদনে তদন্তের ফলাফলের সমর্থনে যুক্তিসঙ্গত কারণ লিপিবদ্ধ থাকিতে হইবে।

(৯) এই প্রবিধানমালায় উল্লিখিত সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৫৩। **প্রবিধান ৫১ ও ৫২ এর অপ্রযোজ্য।**—নিম্নলিখিত ক্ষেত্রে প্রবিধান ৫১ ও ৫২ এর বিধান প্রযোজ্য হইবে না, যথা :—

(ক) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি তাঁহার আচরণের জন্য ফৌজদারী অপরাধে সাজা প্রাপ্তির কারণে চাকুরী হইতে বরখাস্ত বা চাকুরী হইতে অপসারিত বা পদাবনমিত হন; অথবা

(খ) যেক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হন এবং উহার স্বপক্ষে কারণ লিপিবদ্ধ করেন যে, অভিযুক্ত ব্যক্তিকে কারণ দর্শানোর সুযোগ প্রদান করা যুক্তিযুক্তভাবে বাস্তবসম্মত নয়।

৫৪। **তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্যপ্রণালী।**—(১) তদন্ত কর্মকর্তা কোন অভিযোগের তদন্ত আরম্ভের দিন হইতে সমাপ্তি না হওয়া পর্যন্ত প্রতিদিন সংশ্লিষ্ট বিষয়ে শুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত শুনানী মূলতবী করিবেন না।

(২) তদন্তকারীকর্মকর্তা কর্তৃক পরিচালিত তদন্তে—

(ক) অভিযুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ অস্বীকার করিবে সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ্য গ্রহণ করা হইবে এবং উভয় পক্ষকে অভিযোগ সম্পর্কিত প্রাসংগিক বা গুরুত্বপূর্ণ দালিলিক সাক্ষ্য উপস্থাপনের যুক্তিসংগত সুযোগ প্রদান করিতে হইবে এবং এইরূপ কোন সাক্ষ্য উপস্থিত হইলে উহা বিবেচনা করিতে হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তি প্রতিপক্ষের সাক্ষীগণকে জেরা করিবার, ব্যক্তিগতভাবে সাক্ষ্য প্রদান করিবার এবং তাঁহার পক্ষ সমর্থনকারী কোন ব্যক্তিকে সাক্ষী হিসাবে উপস্থাপন করিবার অধিকারী হইবেন;

(গ) অভিযোগের সমর্থনে মামলা উপস্থাপনকারী ব্যক্তি অভিযুক্ত ব্যক্তিকে এবং তাঁহার সাক্ষীগণকে জেরা করিবার অধিকারী হইবেন;

(ঘ) অভিযুক্ত ব্যক্তি প্রাসংগিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে নথির টোকার অংশ কোন প্রকারেই অবলোকনের সুযোগ প্রদান করা হইবে না; এবং

(ঙ) অভিযুক্ত ব্যক্তিকে যে লিখিত বিবৃতি প্রদানের নির্দেশ প্রদান করা হইবে, তিনি তাহা লিখিয়া স্বাক্ষর করিবেন এবং যদি অভিযুক্ত ব্যক্তি স্বাক্ষর করিতে অস্বীকার করেন, তাহা হইলে তদন্তকারী কর্মকর্তা বিষয়টি লিপিবদ্ধ করিয়া রাখিবেন।

(৩) তদন্তকারী কর্মকর্তা, কারণ লিপিবদ্ধ করিয়া, কোন নির্দিষ্ট সাক্ষীকে বা কোন নির্দিষ্ট সাক্ষ্য তলব করিতে বা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তার নিকট অভিযোগের সমর্থনে বিষয়টি উপস্থাপনের জন্য কর্তৃপক্ষ যে কোন কর্মকর্তাকে মনোনীত করিতে পারিবে।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান বা বাধা প্রদানে চেষ্টা করিতেছেন, তাহা হইলে তিনি অভিযুক্ত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন এবং উক্তরূপ সতর্ক করিবার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাজ করিতেছেন, তাহা হইলে তিনি উক্ত বিষয়ে একটি সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের স্বার্থে তিনি যে পদ্ধতি সর্বোত্তম বলিয়া বিচেনা করিবেন, সেই পদ্ধতিতে উক্ত তদন্ত সমাপ্ত করিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ তদন্তকারী কর্মকর্তার অফিস বা তাঁহার দায়িত্বের জন্য অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসঙ্গিক ঘটনাবলী ও পরিস্থিতি লিপিবদ্ধ করতঃ বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে বিষয়টি প্রবিধান ৪৮ এর দফা (খ) তে উল্লিখিত অপরাধ গণ্যে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে বিভাগীয় কার্যক্রম সূচনা করিতে পারিবে।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর ১০(দশ) কার্যদিবসের মধ্যে তাঁহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

(৮) তদন্তকারী কর্মকর্তা তাঁহার মতামতে প্রতিটি অভিযোগের ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি দোষী কি নির্দোষ তাহা উল্লেখ করিবেন, তবে তিনি দণ্ড প্রদানের বিষয়ে বা অন্য কোন বিষয়ে কোনরূপ সুপারিশ করিবেন না।

(৯) কর্তৃপক্ষ কোন বিষয় উপযুক্ত বলিয়া মনে করিলে, এই প্রবিধানের অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবার পরিবর্তে একাধিক ব্যক্তির সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিতে পারিবে এবং যেক্ষেত্রে অনুরূপ কোন তদন্ত কমিটি গঠন করা হয়, সেই ক্ষেত্রে এই প্রবিধানে উল্লিখিত কোন তদন্তকারী কর্মকর্তার জন্য অনুসরণীয় বিধানাবলী উক্ত কমিটির ক্ষেত্রেও অনুসরণীয় বলিয়া বিবেচিত হইবে।

(১০) উপ-প্রবিধান (৯) এ উল্লিখিত তদন্ত কমিটির কোন বৈঠকে উক্ত কমিটির কোন একজন সদস্যের অনুপস্থিতির কারণে উক্ত কমিটির কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৫৫। **সাময়িক বরখাস্ত।**—(১) প্রবিধান ৪৮ এ উল্লিখিত কোন অভিযোগের দায়ে কোন কর্মচারীর বিরুদ্ধে গুরুদণ্ড প্রদানে সম্ভাবনা থাকিলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাঁহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে এইরূপ কর্মচারীকে সমায়িকভাবে বরখাস্ত করিবার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা, উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে, ছুটি প্রাপ্যতার সাপেক্ষে, তাঁহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন কর্মচারীর অনুকূলে কোন সাময়িক বরখাস্তের আদেশ প্রদান করা হইলে উহা ৩০(ত্রিশ) কার্যদিবস অতিবাহিত হইবার পর বাতিল হইয়া যাইবে, যদি না উক্ত সময়সীমা অতিক্রান্ত হইবার পূর্বে আনীত অভিযোগ সম্পর্কে তাহাকে অবহিত করা হয়।

(৩) যেক্ষেত্রে কোন কর্মচারীর প্রতি আরোপিত চাকুরী হইতে বরখাস্ত, অপসারণ বা বাধ্যতামূলক অবসর প্রদানের দণ্ড কোন আদালত বা ট্রাইব্যুনালের সিদ্ধান্তের দ্বারা বা উক্ত সিদ্ধান্তের ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত বা প্রতীয়মান হয় এবং কর্তৃপক্ষ, উক্ত মামলার পরিস্থিতি বিবেচনাক্রমে মূলতঃ যে অভিযোগের ভিত্তিতে তাঁহাকে বরখাস্ত, অপসারণ বা বাধ্যতামূলক অবসর প্রদানের দণ্ড প্রদান করা হইয়াছিল, সেই বিষয়ে তাঁহার বিরুদ্ধে আরও তদন্ত কার্য চালাইবার সিদ্ধান্ত গ্রহণ করেন, সেই ক্ষেত্রে উক্ত বরখাস্ত, অপসারণ বা বাধ্যতামূলক অবসর প্রদানের দণ্ড আরোপের মূল আদেশের তারিখ হইতে উক্ত কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং পরবর্তী আদেশ না প্রদান না করা পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৪) কোন কর্মচারী সমায়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী খোরাকী ভাতা পাইবেন।

(৫) ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কারাগারে সোপর্দ ('কারাগারে সোপর্দ' অর্থে 'আদালতের হেফাজতে' রক্ষিত ব্যক্তিগণও অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবেন) কর্মচারীকে গ্রেফতারের তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং তাঁহার রিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন সূচিত কার্যধারা পরিসমাপ্ত না হওয়া পর্যন্ত তিনি যথারীতি খোরাকী ভাতা পাইবেন।

৫৬। **পুনর্বহাল**।—(১) যদি প্রবিধান ৫৫ এর উপ-প্রবিধান (১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্তকৃত বা, ক্ষেত্র বিশেষে, ছুটিতে প্রেরিত কোন কর্মচারীকে চাকুরী হইতে বরখাস্ত, অপসারণ, পদাবনত বা বাধ্যতামূলক অবসর প্রদান করা না হইয়া থাকে, তবে তাঁহাকে চাকুরীতে পুনর্বহাল করিতে হইবে, অথবা, ক্ষেত্র বিশেষে, তাঁহাকে তাঁহার পদমর্যাদায় আসীন বা সমপদমর্যাদার কোন পদে বহাল করিতে হইবে এবং ঐ ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবেন।

(২) উপ-বিধি (১) এর বিধান সাপেক্ষে, সাময়িকভাবে বরখাস্ত কোন কর্মচারীকে পুনর্বহালের বিষয়ে সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা (Bangladesh Service Rules), প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

৫৭। **ফৌজদারী মামলা, ইত্যাদিতে কারাগারে সোপর্দকৃত কর্মচারী**।—(১) ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মচারী কারাগারে সোপর্দ হইবার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাঁহার বিরুদ্ধে মামলার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিতিকালের জন্য তিনি খোরাকী ভাতা ব্যতীত কোন বেতন, ছুটিকালীন বেতন বা অন্য কোন প্রকার ভাতা পাইবেন না এবং মামলার পরিস্থিতি অনুসারে তাঁহার বেতন ও ভাতাদি মামলা নিষ্পত্তির পর সমন্বয় করা হইবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ হইতে কোন কর্মচারী খালাস পাইলে, অথবা ঋণের দায়ে কারাবরণের ক্ষেত্রে, উক্ত দায় তাহার নিয়ন্ত্রণ বহির্ভুত পরিস্থিতির কারণে উদ্ভব হইয়াছিল বলিয়া প্রমাণিত হইলে, প্রাপ্য বেতন-ভাতাদির টাকা তাহাকে সম্পূর্ণরূপে প্রদান করা হইবে এবং উক্ত অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবে।

৫৮। **আদেশের বিরুদ্ধে আপিল**।—(১) কোন কর্মচারী সরকার কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশবলে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অথবা, যেক্ষেত্রে অনুরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই সেইক্ষেত্রে যে আদেশদানকারী কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপিলের প্রস্তাব করা হইবে, সেই আদেশ দানকারী কর্তৃপক্ষ যে কর্তৃপক্ষের অব্যবহিত অধঃস্তন সেই কর্তৃপক্ষের নিকট অথবা যেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধঃস্তন কোন কর্তৃপক্ষ আদেশ দান করিয়াছেন, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট দণ্ডাদেশ প্রাপ্তির ৯০(নব্বই) দিবসের মধ্যে আপিল করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আপিল দায়ের করিতে না পারিবার সন্তোষজনক কারণ ব্যাখ্যা করিতে পারিলে আপিল কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের পরবর্তী ৩(তিন) মাসের মধ্যে আপিল আবেদন গ্রহণ করিতে পারিবে।

(৩) আপিল কর্তৃপক্ষ নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা :—

(ক) এই প্রবিধানমালায় নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কিনা, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কিনা;

(খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত সঠিক ও ন্যায়সঙ্গত কিনা; এবং

(গ) আরোপিত দণ্ড মাত্রাতিরিক্ত, পর্যাপ্ত বা অপর্যাপ্ত কিনা।

(৪) আপিল কর্তৃপক্ষ যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে, ৬০ (ষাট) কর্মদিবসের মধ্যে সেইরূপ আদেশ প্রদান করিবে এবং উক্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৫) উপ-প্রবিধান (৪) এ যাহা কিছুই থাকুক না কেন, উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত আপিল কর্তৃপক্ষের কোন সিদ্ধান্তে যদি এই মর্মে বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, আইনের বরখেলাপ বা মারাত্মক কোন অবিচার করা হইয়াছে, সেইক্ষেত্রে সংশ্লিষ্ট আদেশ প্রদানের বা আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৯০(নব্বই) দিনের মধ্যে সরকারের নিকট আপিল করা যাইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর অধীন কোন আপিল দায়ের করা হইলে, সরকার যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে, ৬০(ষাট) কর্মদিবসের মধ্যে সেইরূপে আদেশ প্রদান করিবে এবং উক্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫৯। **পুনরীক্ষণ**।—(১) কোন কর্মচারী এই প্রবিধানমালার অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ (aggrieved) হইলে, তিনি উক্তরূপ সংক্ষুব্ধ হইবার বা আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৯০(নব্বই) দিনের মধ্যে উক্ত আদেশ পুনরীক্ষণের (review) জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

৬০। **আদালতে বিচারাধীন কার্যধারা**।—(১) কোন কর্মচারীর বিরুদ্ধে কোন আদালতে কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যক্রম বিচারাধীন থাকিলে, একই বিষয়ের ওপর তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম সমাপনে কোন বাধা থাকিবে না, কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ করিবার সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে উক্ত মামলার আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পন্ন না হওয়া পর্যন্ত এইরূপ দণ্ডারোপ স্থগিত থাকিবে।

(২) কোন কর্মচারী Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985) এ বর্ণিত কোন অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃপক্ষ দোষী সাব্যস্ত বা সাজাপ্রাপ্ত হইলে, এইরূপ সাজাপ্রাপ্ত কর্মচারীকে এই প্রবিধানমালার অধীনে শাস্তি প্রদান করা হইবে কিনা কর্তৃপক্ষ তাহা স্থির করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (২) এর অধীনে উক্ত কর্মচারীকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে, বিষয়টির পরিস্থিতিতে যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে সেইরূপ দণ্ড প্রদান করিতে পারিবে এবং এইরূপ দণ্ড প্রদানের জন্য কোন কার্যক্রম সূচনা করিবার এবং প্রস্তাবিত দণ্ডের বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্য উক্ত কর্মচারীকে কোন সুযোগ প্রদানের প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (৩) এর অধীনে উক্ত কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে, যেক্ষেত্রে তাঁহাকে চাকুরীতে পুনর্বহাল বা বহাল রাখিবার সিদ্ধান্ত গৃহীত হয়, সেইক্ষেত্রে সরকারের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

## অষ্টম অধ্যায়

## অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৬১। **অবসরভাতা ও অবসর জনিত সুবিধাদি**।—বোর্ডের নিয়মিত কর্মচারীগণ, প্রযোজ্য ক্ষেত্রে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্মচারী (অবসর ভাতা ও অবসর জনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০০ এর আওতায় প্রদত্ত অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হইবেন।

৬২। **আনুতোষিক**।—(১) নিম্নোক্ত অপেনশনযোগ্য নিয়মিত কর্মচারীগণ, প্রযোজ্য ক্ষেত্রে, আনুতোষিক পাইবার অধিকারী হইবেন, যথা :—

(ক) যিনি বোর্ডে কমপক্ষে ৩ (তিন) বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন এবং শাস্তিস্বরূপ চাকুরী হইতে বরখাস্ত, পদচ্যূত বা অপসারিত হন নাই;

(খ) কমপক্ষে ৩ (তিন) বৎসর অব্যাহতভাবে চাকুরী করিবার পর যিনি কর্তৃপক্ষের অনুমতিসহ চাকুরী হইতে পদত্যাগ বা চাকরী ত্যাগ করিয়াছেন;

(গ) তিন বৎসর পূর্ণ হইবার পূর্বে নিম্নে উল্লিখিত কোন কারণে যে কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথা :—

(অ) তিনি যে পদে নিযুক্ত ছিলেন সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাঁটাই হইয়াছেন; অথবা

(আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থের কারণে তাঁহাকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণ করা হইয়াছে; অথবা

(ই) চাকুরীতে থাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।

(২) কোন কর্মচারীকে তাঁহার চাকুরীর প্রত্যেক পূর্ণ বৎসর বা উহার অংশ বাবদ ১২০ (একশত বিশ) টি কার্যদিবস বা তদূর্ধ্ব কোন সময়ের জন্য ২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ হারে আনুতোষিক প্রদান করা হইবে।

(৩) সর্বশেষ গৃহীত বেতন আনুতোষিক গণনার মূল ভিত্তি হইবে।

(৪) কোন কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোষিক প্রাপ্য হইলে যাহাতে তাঁহার মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন তজ্জন্য প্রত্যেক কর্মচারী, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করতঃ ফরমটি বোর্ড কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(৫) কোন কর্মচারী প্রবিধান (৪) এর অধীন একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিলে, মনোনয়ন পত্রে মনোনীত ব্যক্তিগণের অনুকূলে প্রদেয় অংশ এইরূপে উল্লেখ করিবেন যেন আনুতোষিক এর সম্পূর্ণ অর্থ উহাতে অন্তর্ভুক্ত হয়, এবং এইরূপে উল্লেখ করা না হইলে প্রাপ্য অর্থের পরিমাণ মনোনীত ব্যক্তিগণের অনুকূলে সমান অংশে ভাগ করিয়া প্রদান করা হইবে।

(৬) কোন কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা তাঁহার মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন এবং একই সময়ে উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫) এর অধীনে একটি নূতন মনোনয়ন পত্র দাখিল করিবেন।

(৭) উপ-প্রবিধান (৪) কিংবা (৬) এর অধীন মনোনয়ন পত্র দাখিল ব্যতিরেকে কোন কর্মচারী মৃত্যুবরণ করিলে তাঁহার আনুতোষিকের অর্থ, উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে, তাঁহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

৬৩। **সাধারণ ভবিষ্য তহবিল।—(১)** বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, লিখিত আদেশ দ্বারা পেনশনযোগ্য কর্মচারীদের জন্য সাধারণ ভবিষ্য তহবিল পরিকল্প চালু করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারী পেনশন সুবিধাদি বা অবসর ভাতা সুবিধাদি গ্রহণ না করিলে, তিনি Bangladesh Water Development Board (Employees) Service Rules, 1982 এর আওতায় প্রদত্ত অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল (Contributory Provident Fund) এর সুবিধাদি প্রাপ্য হইবেনঃ

(২) সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করিয়া বোর্ড সাধারণ ভবিষ্য তহবিল ব্যবস্থাপনা ও পরিচালনাসহ আনুষঙ্গিক বিষয়ে নীতিমালা প্রণয়ন করিতে পারিবে।

৬৪। **গোষ্ঠী বীমা ও কল্যাণ তহবিল।**—কর্মচারীগণ The Government and Autonomous Bodies Employees Banevolent Fund & Group Insurance Rules, 1982 মোতাবেক গোষ্ঠী বীমা ও কল্যাণ তহবিলের সুবিধা প্রাপ্য হইবেন।

## নবম অধ্যায়
## অবসর গ্রহণ, চাকুরী অবসান ও অব্যাহতি

৬৫। **অবসর গ্রহণ, ইত্যাদি বিষয়ে Act XII of 1974 এর প্রয়োগ।**—কোন কর্মচারীর অবসর গ্রহণ এবং উহার পর তাঁহাকে পুনঃনিয়োগের বিষয়ে Public Servants Retirement Act, 1974 (Act No. XII of 1974) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৬৬। **চাকুরীর অবসান।**—উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে ১ (এক) মাসের লিখিত নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে ১ (এক) মাসের বেতন প্রদান করিয়া কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে এবং এইরূপ চাকুরী অবসানের কারণে উক্ত শিক্ষানবিস কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

৬৭। **ইস্তফাদান, ইত্যাদি।**—(১) কোন কর্মচারী কর্তৃপক্ষ বরাবর তাঁহার অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাস পূর্বে লিখিত নোটিশ প্রদান না করিয়া তাঁহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি বোর্ডকে তাঁহার ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন শিক্ষানবিস তাঁহার অভিপ্রায় উল্লেখপূর্বক ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাঁহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি বোর্ডকে তাঁহার ১ (এক) মাসের বেতনের সমপরিমান অর্থ এবং তাঁহার অনুকূলে প্রশিক্ষণ বাবদ ব্যয়িত অর্থ, যদি থাকে, ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) কোন কর্মচারীর বিরুদ্ধে শৃংখলাজনিত ব্যবস্থা গ্রহণ করা হইলে, তিনি বোর্ডের চাকুরী হইতে ইস্তফাদান করিতে পারিবেন নাঃ

তবে শর্ত থাকে যে, সরকার কোন বিশেষ ক্ষেত্রে যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইস্তফাদানের অনুমতি প্রদান করিতে পরিবে।

## দশম অধ্যায়
## বিবিধ

৬৮। **অসুবিধা দূরীকরণ।**—এই প্রবিধানমালায় যে সকল বিষয়ে বিধান করা হয় নাই সেই সকল বিষয়ে সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা, আদেশ বা নির্দেশ, যতদূর সম্ভব কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, তবে এইরূপ কোন বিষয়ে সরকারি বিধান প্রয়োগে বা অনুসরণে কোন অসুবিধা দেখা দিলে, সরকার লিখিত আদেশ দ্বারা, উক্ত বিষয়ে প্রযোজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং এই বিষয়ে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

৬৯। **অপ্রযোজ্যতা ও হেফাজত।**—(১) এই প্রবিধানমালা কার্যকর হইবার সংগে সংগে Bangladesh Water Development Board (Employees) Service Rules, 1982, অতঃপর অপ্রযোজ্য Rules বলিয়া উল্লিখিত, অপ্রযোজ্য হইবে।

(২) অপ্রযোজ্য Rules এর অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ এই প্রবিধানমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৩) অপ্রযোজ্য Rules এর অধীন গৃহীত বা কৃত কার্য এই প্রবিধানমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা প্রবর্তনকালে অপ্রযোজ্য Rules এর অধীনে কোন কার্যধারা অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা, যতদূর সম্ভব, এই প্রবিধানমালার অধীন নিষ্পন্ন করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, উল্লিখিত উপায়ে কোন কার্যধারা নিষ্পত্তি করিবার বা চলমান রাখিবার ক্ষেত্রে কোন অসুবিধা বা শুন্যতা দেখা দিলে উহা অপ্রযোজ্য Rules এর অধীনেই এমনভাবে নিষ্পন্ন করা যাইবে বা চলমান রাখা যাইবে যেন এই প্রবিধানমালা কার্যকর হয় নাই।

**তফসিল**

**[ প্রবিধান ২(১০) ও ৩ দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |

**কর্মকর্তা : প্রথম শ্রেণী**

**(ক) প্রকৌশল (পুর) শ্রেণীগুচ্ছঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী (পুর) | - | পদোন্নতির মাধ্যমে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), 'প্রধান, পরিকল্পনা' বা 'প্রধান, মনিটরিং' পদে অন্যূন ০১(এক) বৎসরের চাকুরীসহ প্রকৌশল (পুর) শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১৭(সতের) বৎসরের চাকুরী। |
| ২। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)<br>(খ) প্রধান, পরিকল্পনা<br>(গ) প্রধান, মনিটরিং | - | পদোন্নতির মাধ্যমে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিচালক (কর্মচারী উন্নয়ন), পরিচালক (কার্যক্রম), পরিচালক (চুক্তি ও সংগ্রহ), পরিচালক (পরিকল্পনা-১/২/৩) বা পরিচালক (প্রসেসিং) পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ প্রকৌশল (পুর) শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১৪(চৌদ্দ) বৎসরের চাকুরী। |
| ৩। | (ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)<br>(খ) পরিচালক (কর্মচারী উন্নয়ন)<br>(গ) পরিচালক (কার্যক্রম) | - | পদোন্নতির মাধ্যমে। | নির্বাহী প্রকৌশলী (পুর)/সিনিয়র সাবজেক্ট মেটার স্পেশালিস্ট (এস.এস.এম.এস.) পদে অন্যূন মোট ০২ (দুই) বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে মোট ১২ (বার) বৎসরের চাকুরী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | (ঘ) পরিচালক (চুক্তি ও সংগ্রহ)<br>(ঙ) পরিচালক (পরিকল্পনা-১/২/৩)<br>(চ) পরিচালক (প্রসেসিং) | | | |
| ৪। | নির্বাহী প্রকৌশলী (পুর)/ সিনিয়র সাবজেক্ট মেটার স্পেশালিস্ট (এস.এস.এম.এস.) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর)/সাবজেক্ট মেটার স্পেশালিস্ট (এস.এম.এস.) পদে অন্যূন মোট ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে মোট ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ৫। | উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর)/সাবজেক্ট মেটার স্পেশালিস্ট (এস.এম.এস.) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রকৌশলী (পুর) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬। | সহকারী প্রকৌশলী (পুর) | ৩০ বৎসর | (ক) মোট পদে শতকরা ৩৩ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদে শতকরা ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) উপ-সহকারী প্রকৌশলী (পুর) পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরী; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল, পানি সম্পদ বা কৃষি কৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা উল্লিখিত বিষয়ে Associate Member of the Institute of Engineers (AMIE) এর সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|

**(খ) প্রকৌশল (যান্ত্রিক) শ্রেণীগুচ্ছ:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) | - | পদোন্নতির মাধ্যমে। | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ প্রকৌশল (যান্ত্রিক) শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১২ (বার) বৎসরের চাকুরী। |
| ৮। | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ প্রকৌশল (যান্ত্রিক) শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ৯। | উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১০ | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ) | ৩০ বৎসর | (ক) মোট পদে শতকরা ৩৩ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদে শতকরা ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ) পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরী; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্র কৌশল বা তড়িৎ কৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা উল্লিখিত বিষয়ে Associate Member of the Institute of Engineers (AMIE) এর সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এম এস ওয়ার্ড, ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| **(গ) সাধারণ প্রশাসনিক শ্রেণীগুচ্ছঃ** | | | | |
| ১১। | (ক) সচিব<br>(খ) পরিচালক (কর্মচারী)<br>(গ) পরিচালক (শৃঙ্খলা)<br>(ঘ) পরিচালক (সম্পত্তি ও যানবাহন)<br>(ঙ) পরিচালক (জনসংযোগ)<br>(চ) পরিচালক (কল্যাণ) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-সচিব, উপ-পরিচালক (কর্মচারী), উপ-পরিচালক (প্রশাসন), উপ-পরিচালক (কল্যাণ), উপ-পরিচালক (নিরাপত্তা), উপ-পরিচালক (সম্পত্তি ও যানবাহন), উপ-পরিচালক (শৃঙ্খলা), উপ-পরিচালক (কর্মচারী উন্নয়ন) বা উপ-পরিচালক (আইন) পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ সাধারণ প্রশাসনিক শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১২ (বার) বৎসরের চাকুরী। |
| ১২। | (ক) উপ-সচিব<br>(খ) উপ-পরিচালক (কর্মচারী)<br>(গ) উপ-পরিচালক (প্রশাসন)<br>(ঘ) উপ-পরিচালক (কল্যাণ)<br>(ঙ) উপ-পরিচালক (নিরাপত্তা)<br>(চ) উপ-পরিচালক (সম্পত্তি ও যানবাহন)<br>(ছ) উপ-পরিচালক (শৃঙ্খলা)<br>(জ) উপ-পরিচালক (কর্মচারী উন্নয়ন)<br>(ঝ) উপ-পরিচালক (আইন) | | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক (সচিবালয়), সহকারী পরিচালক (সম্পত্তি ও যানবাহন), সহকারী পরিচালক (শৃঙ্খলা), সহকারী পরিচালক (কল্যাণ), সহকারী পরিচালক (নিয়োগ), সহকারী পরিচালক (এপিআর), সহকারী পরিচালক (প্রশাসন), শাখা কর্মকর্তা বা সহকারী সম্পাদক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩। | (ক) সহকারী পরিচালক (সচিবালয়)<br>(খ) সহকারী পরিচালক (সম্পত্তি ও যানবাহন)<br>(গ) সহকারী পরিচালক (শৃঙ্খলা)<br>(ঘ) সহকারী পরিচালক (কল্যাণ)<br>(ঙ) সহকারী পরিচালক (নিয়োগ)<br>(চ) সহকারী পরিচালক (এপিআর)<br>(ঝ) সহকারী পরিচালক (প্রশাসন)<br>(জ) শাখা কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) মোট পদে শতকরা ৩৪ ভাগ পদ উচ্চমান সহকারী পদে কর্মরত প্রার্থীগণের মধ্য হইতে, শতকরা ১৫ ভাগ পদ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর/পি.এ পদে কর্মরত প্রার্থীগণের মধ্য হইতে এবং শতকরা ০১ ভাগ পদ আঞ্চলিক গোয়েন্দা অফিসার পদে কর্মরত প্রার্থীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**</u><br>(ক) উচ্চমান সহকারী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী; বা<br>(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর/পি.এ পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরী; বা<br>(গ) আঞ্চলিক গোয়েন্দা অফিসার পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরী।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ১৪। | সহকারী সম্পাদক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জন-সংযোগ বা সাংবাদিকতা বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| **(ঘ) অর্থ, হিসাব ও নিরীক্ষা শ্রেণীগুচ্ছ:** | | | | |
| ১৫। | নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা) | - | পদোন্নতির মাধ্যমে। | পরিচালক (অর্থ, হিসাব ও নিরীক্ষা) পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ অর্থ, হিসাব ও নিরীক্ষা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরী। |
| ১৬। | পরিচালক (অর্থ, হিসাব ও নিরীক্ষা) | - | পদোন্নতির মাধ্যমে। | অতিরিক্ত পরিচালক (হিসাব) বা উপ-পরিচালক (হিসাব) পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ অর্থ, হিসাব ও নিরীক্ষা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১২ (বার) বৎসরের চাকুরী। |
| ১৭। | অতিরিক্ত পরিচালক (হিসাব) | - | পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষণ কর্মকর্তা, সহকারী পরিচালক (হিসাব) বা নিরীক্ষা কর্মকর্তা পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ১৮। | উপ-পরিচালক (হিসাব) | - | পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষণ কর্মকর্তা, সহকারী পরিচালক (হিসাব) বা নিরীক্ষা কর্মকর্তা পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ১৯। | (ক) সহকারী পরিচালক (হিসাব)<br>(খ) হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) মোট পদে শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদে শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে ঃ</u>**<br>(ক) হিসাব রক্ষক বা সিনিয়র অডিটর পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরী; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্স বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রী অথবা মেজর বিষয় হিসাবে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্সসহ ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন বা সমমানের ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২০। | নিরীক্ষা কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) মোট পদে শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদে শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) হিসাব রক্ষক বা সিনিয়র অডিটর পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরী; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্স বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রী অথবা মেজর বিষয় হিসাবে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্সসহ ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন বা সমমানের ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

**(ঙ) পানি ব্যবস্থাপনা শ্রেণীগুচ্ছ:**

| | | | | |
|---|---|---|---|---|
| ২১। | প্রধান, পানি ব্যবস্থাপনা | - | পদোন্নতির মাধ্যমে। | মূখ্য সম্প্রসারণ কর্মকর্তা পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ পানি ব্যবস্থাপনা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরী। |
| ২২। | মূখ্য সম্প্রসারণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-প্রধান (কৃষি), উপ-প্রধান (মৃত্তিকা), উপ-প্রধান (মৎস্য), উপ-প্রধান (সমাজ বিজ্ঞান) বা উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ পানি ব্যবস্থাপনা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১২ (বার) বৎসরের চাকুরী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৩। | উপ-প্রধান (কৃষি) | - | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সহকারী প্রধান (কৃষি) এবং শতকরা ৫০ ভাগ পদ সহকারী প্রধান (পরিবেশ ও বন) পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রধান (কৃষি) বা সহকারী প্রধান (পরিবেশ ও বন) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ পানি ব্যবস্থাপনা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ২৪। | উপ-প্রধান (মৃত্তিকা) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রধান (মৃত্তিকা) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ পানি ব্যবস্থাপনা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ২৫। | উপ-প্রধান (মৎস্য) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রধান (মৎস্য) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ পানি ব্যবস্থাপনা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ২৬। | উপ-প্রধান (সমাজ বিজ্ঞান) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রধান (সমাজ বিজ্ঞান) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ পানি ব্যবস্থাপনা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ২৭ | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | সম্প্রসারণ কর্মকর্তা পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ পানি ব্যবস্থাপনা শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ২৮। | সহকারী প্রধান (কৃষি) | - | পদোন্নতির মাধ্যমে। | গবেষণা কর্মকর্তা (কৃষি) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২৯। | সহকারী প্রধান (মৃত্তিকা) | - | পদোন্নতির মাধ্যমে। | গবেষণা কর্মকর্তা (মৃত্তিকা) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩০। | সহকারী প্রধান (মৎস্য) | - | পদোন্নতির মাধ্যমে। | গবেষণা কর্মকর্তা (মৎস্য) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩১। | সহকারী প্রধান (সমাজ বিজ্ঞান) | - | পদোন্নতির মাধ্যমে। | গবেষণা কর্মকর্তা (সমাজ বিজ্ঞান) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩২। | সহকারী প্রধান (পরিবেশ ও বন) | - | পদোন্নতির মাধ্যমে। | গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৩। | সম্প্রসারণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী সম্প্রসারণ কর্মকর্তা পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৪। | গবেষণা কর্মকর্তা (কৃষি) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ৩৫। | গবেষণা কর্মকর্তা (মৃত্তিকা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৬। | গবেষণা কর্মকর্তা (মৎস্য) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফিশারিজ বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ৩৭। | গবেষণা কর্মকর্তা (সমাজ বিজ্ঞান) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ৩৮। | গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল, পরিবেশ বা বন বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ৩৯। | সহকারী সম্প্রসারণ কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| **(চ) ভূমি ও রাজস্ব শ্রেণীগুচ্ছ:** | | | | |
| ৪০। | পরিচালক (ভূমি ও রাজস্ব) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-পরিচালক (ভূমি ও রাজস্ব)) পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ (ভূমি ও রাজস্ব) শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী। |
| ৪১। | উপ-পরিচালক (ভূমি ও রাজস্ব) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ৪২। | সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ১৭ ভাগ পদ সহকারী রাজস্ব কর্মকর্তা পদে কর্মরত প্রার্থীদের মধ্য হইতে এবং শতকরা ১৬ ভাগ পদ সহকারী সেচ কর্মকর্তা ও জিল্লাদার পদে কর্মরত প্রার্থীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>সহকারী রাজস্ব কর্মকর্তা, সহকারী সেচ কর্মকর্তা বা জিল্লাদার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক সম্মান ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| **(ছ) ভূ-তত্ত্ব বিষয়ক শ্রেণীগুচ্ছ:** | | | | |
| ৪৩। | পরিচালক (ভূ-তত্ত্ব) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-পরিচালক (ভূ-তত্ত্ব) পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ ভূ-তত্ত্ব বিষয়ক শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৪। | উপ-পরিচালক (ভূ-তত্ত্ব) | - | পদোন্নতির মাধ্যমে। | ভূ-তত্ত্ববিদ পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ৪৫। | ভূ-তত্ত্ববিদ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-তত্ত্ব বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

**(জ) অর্থনৈতিক পরিকল্পনা ও মূল্যায়ন শ্রেণীগুচ্ছ:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৬। | যুগ্ম-প্রধান | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-প্রধান (অর্থনীতি) পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীসহ অর্থনৈতিক পরিকল্পনা ও মূল্যায়ন শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১২ (বার) বৎসরের চাকুরী। |
| ৪৭। | পরিচালক (মূল্যায়ন) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-প্রধান (অর্থনীতি) পদে ০২ (দুই) বৎসরের চাকুরীসহ অর্থনৈতিক পরিকল্পনা ও মূল্যায়ন শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট ১২ (বার) বৎসরের চাকুরী। |
| ৪৮। | উপ-প্রধান (অর্থনীতি) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রধান (অর্থনীতি) পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ অর্থনৈতিক পরিকল্পনা ও মূল্যায়ন শ্রেণীগুচ্ছের প্রথম শ্রেণীর পদে মোট অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ৪৯। | সহকারী প্রধান (অর্থনীতি) | - | পদোন্নতির মাধ্যমে। | গবেষণা কর্মকর্তা (অর্থনীতি) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫০। | গবেষণা কর্মকর্তা (অর্থনীতি) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| **(ঝ) কম্পিউটার শ্রেণীগুচ্ছঃ** | | | | |
| ৫১। | (ক) সিস্টেম এনালিস্ট<br>(খ) সিনিয়র প্রোগ্রামার | ৪০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে, পদোন্নতির জন্য সংরক্ষিত পদসমূহও সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) প্রোগ্রামার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী;<br>(খ) সিস্টেম এনালিস্ট এর স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট বা প্রোগ্রামার হিসাবে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতক ডিগ্রীসহ কোন প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট বা প্রোগ্রামার হিসাবে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) কোন স্বীকৃত পেশাজীবী কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য;<br>(ঘ) সিস্টেম এনালিস্ট এর স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫২। | প্রোগ্রামার | ৩৫ বৎসর | (ক) মোট পদের শতকরা ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে, পদোন্নতির জন্য সংরক্ষিত পদসমূহও সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী প্রোগ্রামার পদে অন্যূন **০৭** (সাত) বৎসরের চাকুরী:<br>তবে শর্ত থাকে যে, বোর্ড বিশেষ ক্ষেত্রে, উল্লিখিত সময়সীমা অনধিক ২ (দুই) বৎসর পর্যন্ত শিথিল করিতে পারিবে।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার হিসাবে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রীসহ কোন প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) কোন স্বীকৃত পেশাজীবী কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য; এবং<br>(ঘ) প্রোগ্রামিং এর স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
